**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
**www.bb.org.bd**

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

০৬ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ
তারিখঃ ------------------------
২০ জুন ২০১৬ খ্রীষ্টাব্দ

ডিওএস সার্কুলার লেটার নং-১২

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

<u>চট্টগ্রাম বন্দরের কন্টেইনার জট নিরসন ও পবিত্র রমজান উপলক্ষে পণ্য দ্রুত খালাসকরণের নিমিত্তে ছুটির দিন শনিবার ব্যাংকিং কার্যক্রম চালু রাখা প্রসঙ্গে</u>

উপর্যুক্ত বিষয়ে আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বন্দরের কন্টেইনার জট নিরসন, পবিত্র রমজানে ভোগ্য পণ্যের সরবরাহ নিশ্চিতকরণ ও বন্দরের ব্যবহারকারীদের ভোগান্তি নিরসনের স্বার্থে আগ্রাবাদসহ চট্টগ্রাম বন্দর এলাকার তফসিলি ব্যাংকের সব শাখা আগামী ঈদুল ফিতর পর্যন্ত প্রতি শনিবার খোলা রেখে স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করার জন্য আপনাদেরকে নির্দেশনা দেয়া হলো।

০২। ০৭/১২/২০০৬ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-১৮ মোতাবেক বর্তমানে বিমান, সমুদ্র/নৌ ও স্থল বন্দরস্থ বাণিজ্যিক ব্যাংকের এডি শাখাসমূহ প্রতি শুক্রবার ও শনিবার এবং দেশের অপরাপর স্থানে অবস্থিত বাণিজ্যিক ব্যাংকের এডি শাখাসমূহ শনিবার স্বীয় বিবেচনায় খোলা রাখার নির্দেশনা বহাল থাকবে।

০৩। ছুটির দিনে কাজে যোগদানকারী কর্মকর্তা/কর্মচারীদের বিধি মোতাবেক যুক্তিসঙ্গত ভাতা প্রদানের জন্যও আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-

(মোঃ ইব্রাহিম ভূঁইয়া)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০২০৭